গাংনীতে চিকিৎসা নেয়ার এক সপ্তাহ পরে মৃত্যু হলো সাপে কাটা রোগীর

মেহেরপুর জেলার গাংনী উপজেলার বামন্দী ইউনিয়নের রামনগর গ্রামের ত্রিশ বছর বয়সি কৃষক সেন্টু মিয়াকে গত ৯ মে বিকেলে ধান বাধায়ের কাজ করার সময় অচেনা এক বিষাক্ত সাপ তার ডান হাতে কামড় দেয়।

তাৎক্ষণিক মাঠে কর্মরত কৃষকরা সেন্টু মিয়া দেরি না করে দ্রুত নিজ বাড়িতে চলে আসেন এবং সাপে কামড়ের বিষয়টি পরিবারের লোকজনকে বলে।

পরিবারের দুজনকে সাথে নিয়ে মটরসাইকেল যোগে চিকিৎসার জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালের উদ্দেশ্যে রওনা দিলে পথে সড়ক দুর্ঘটনার কবলে পড়ে।

পরে আহত অবস্থায় কুষ্টিয়া জেনারেল হাসপাতালে দুদিন ধরে চিকিৎসা নিলেও শারীরিক অবস্থার আরো অবনতি হলে সেখান থেকে রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসা নিয়ে শারীরিক অবস্থার উন্নতি হলে গত ১৫ মে নিজ বাড়িতে ফিরে আসেন।

পুনরায় গতকাল শনিবার সকালে সেন্টু মিয়ার শ্বাস কষ্ট শুরু হলে স্থানীয় বামন্দী একটি ক্লিনিকে চিকিৎসা নিতে আসলে চিকিৎসক রক্তের পরিক্ষা দেয়।

পরে রক্তের রিপোর্ট দেখে চিকিৎসক জানান তার শরীরে থাকা রক্তে পয়জন আছে। পরে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে চিকিৎসার জন্য নেয়ার পথে সেন্টু মিয়া মৃত্যু বরণ করে।

নিহত সেন্টু মিয়া কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলার চরদিয়ার গ্রামের নজরুল ইসলামের পুত্র। এবং গাংনী উপজেলার রামনগর গ্রামের রিনা খাতুনের সাথে বিবাহের পর থেকে শশুর বাড়ি এলাকায় জমি কিনে বসবাস করছেন।

নিহতের শ্যালক আজগর আলী বলেন,সেন্টু অর্থনৈতিক ভাবে খুব দরিদ্র হলেও মানুষ হিসেবে খুব ভালো ছিলো। তার এক ছেলে এক মেয়ে রয়েছে। আর তার স্ত্রী রিনা খাতুনের এক সপ্তাহের মধ্যে আরেকটি বাচ্চা প্রসব করবে। অথচ সেন্টু সবাইকে ছেড়ে পৃথিবী থেকে চলে গেলো।

জানি ডাক্তাররা রোগীকে বাচানোর সর্বোচ্চ চেষ্টা করে। তবে রোগীকে সম্পূর্ণ ভাবে বিষ মুক্ত হয়েছে কিনা? তা পরিক্ষা না করে রিলিজ দেয়া ঠিক হয়নি। এই একটি বাচ্চা পৃথিবীতে আসার আগেও বাবা হারা হলো। এই দায় ডাক্তার সাহেব কিভাবে এড়িয়ে যাবেন? আপনারাই বলেন।

জাতীয় শিক্ষা সপ্তাহে বিভাগীয় পর্যায়ে বিভিন্ন ইভেন্টে চুয়াডাঙ্গা সরকারি কলেজের শ্রেষ্ঠত্ব অর্জন

জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৬ উপলক্ষে আয়োজিত বিভিন্ন প্রতিযোগিতায় খুলনা বিভাগীয় পর্যায়ে চুয়াডাঙ্গা সরকারি কলেজ ৭টি ইভেন্টে শ্রেষ্ঠত্ব অর্জন করেছে।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা খুলনা অঞ্চলের আয়োজনে গতকাল বৃহস্পতিবার সকাল নয়টায় খুলনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে খুলনা বিভাগীয় প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতায় উদ্বোধনী অনুষ্ঠানে খুলনা অঞ্চলের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের পরিচালক প্রফেসর ড. আনিস-আর-রেজার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, খুলনা বিভাগীয় কমিশনার মোখতার আহমেদ।

জাতীয় শিক্ষা সপ্তাহের প্রতিযোগিতায় চুয়াডাঙ্গা জেলা থেকে শ্রেষ্ঠত্ব অর্জন করে বিভাগীয় প্রতিযোগিতায় বিভিন্ন ইভেন্টে অংশগ্রহণ করে চুয়াডাঙ্গা সরকারি কলেজ। বিভাগীয় প্রতিযোগিতা শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান হিসেবে শ্রেষ্ঠত্ব অর্জন করে চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ,কে,এম সাইফুর রশীদ, শ্রেষ্ঠ শিক্ষক হিসেবে শ্রেষ্ঠত্ব অর্জন করে বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ আব্দুর রশীদ, শ্রেষ্ঠ রোভার হিসেবে শ্রেষ্ঠত্ব অর্জন করে চুয়াডাঙ্গা সরকারি কলেজ রোভার স্কাউটস

গ্রুপের সিনিয়র রোভার মেট আল মুতাকাব্বির সাকিব, হামদে-বারি-তায়ালা শ্রেষ্ঠত্ব অর্জন করে পারভেজ আলী, বাংলা রচনা প্রতিযোগিতা শ্রেষ্ঠত্ব অর্জন করে জেনিন জাহিদ শাম্মী, ইংরেজি রচনা প্রতিযোগিতায় শ্রেষ্ঠত্ব অর্জন করে শিরিন শিলা, দেশাত্মবোধক গানে শ্রেষ্ঠত্ব অর্জন করে তাসনিম তাবাসসুম ছোঁয়া।

উল্লেখ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক আয়োজিত জাতীয় শিক্ষা সপ্তাহ গত ৮ই জানুয়ারি থেকে উপজেলা ও থানা পর্যায়ের প্রতিযোগিতা শুরু হয়। চুয়াডাঙ্গা সদর উপজেলা পর্যায়ে চুয়াডাঙ্গা সরকারি কলেজ ৪৫ টি ইভেন্টে শ্রেষ্ঠত্ব অর্জন করে। জেলা পর্যায়ে ৩৪টি ইভেন্টে শ্রেষ্ঠত্ব অর্জন করে এবং বিভাগীয় পর্যায়ে ৭টি ইভেন্টে শ্রেষ্ঠত্ব অর্জন করলো।

মেহেরপুরে এক সপ্তাহ ধরে নিখোঁজ জুলাই যোদ্ধা তামিমের পিতা কামরুল ইসলাম

মেহেরপুরে এক সপ্তাহ ধরে নিখোঁজ বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের যুগ্ম আহ্বায়ক ও এনসিপির জেলা কমিটির সদস্য তামিম ইসলামের পিতা কামরুল ইসলাম।

এ ঘটনায় তাঁর পরিবারের সদস্যরা উদ্বিগ্ন ও আতঙ্কিত রয়েছেন। নিখোঁজ কামরুল ইসলাম ফিলিং স্টেশন ব্যবসায়ী এবং মেহেরপুর জেলা ট্রাক ও ট্যাংকলরি শ্রমিক ইউনিয়নের সাবেক সাধারণ সম্পাদক। তিনি সরকারি কলেজ পাড়ার হায়দার আলীর ছেলে। এ বিষয়ে তামিম ইসলাম মেহেরপুর সদর থানায় একটি সাধারণ ডায়েরি করেছেন। জিডি নম্বর:৪৯২, তারিখ ১০/১২/২০২৫ ইং।

তামিম ইসলাম জানান, গত ৮ ডিসেম্বর তার বাবা হিরো হোণ্ডা ব্র্যাণ্ডের হাংক মোটরসাইকেল নিয়ে বাড়ি থেকে বের হয়ে আর ফিরে আসেননি। সে সময় তিনি কালো রঙের প্যান্ট, লাল গেঞ্জি এবং নীল রঙের ব্লেজার পরিহিত ছিলেন।

তামিম আরও জানান, ঘটনার দিন থেকে আত্মীয়, স্বজনের বাড়িসহ সম্ভাব্য সকল যায়গায় খোঁজ নিয়েছি। আইন শৃঙ্খলা বাহিনীও কোন সদুত্তর জানাতে পারেননি। ফলে আমরা খুব দুঃশ্চিন্তা ও আতঙ্কের মধ্যে রয়েছি।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) হুমায়ুন কবির বলেন, আমরা তাঁর সন্ধানে বিভিন্নভাবে খোজঁ-খবর নেওয়ার চেষ্টা করছি। তার ব্যবহৃত মোবাইল ফোনটি বন্ধ পাওয়া যাচ্ছে। তবে অপহরণ হতে পারে কি না এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, এমন কোনো লক্ষণ এখনও পাওয়া যায়নি। তবে আমরা চেষ্টা করছি যাতে দ্রুত সন্ধান পেতে পারি।

দামুড়হুদায় পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ উপলক্ষে অ্যাডভোকেসি সভা

দামুড়হুদায় ৬ থেকে ১১ ডিসেম্বর পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ উপলক্ষে অ্যাডভোকেসি সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকাল সাড়ে ৩টার সময় “পরিকল্পিত পরিবার, নিরাপদ মাতৃত্বের অধিকার” এই স্লোগানকে সামনে রেখে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সভাকক্ষে উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের আয়োজনে সভাটি অনুষ্ঠিত হয়।

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (অঃদঃ) ডা. তরিকুল ইসলামের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) কে এইচ তাসফিকুর রহমান। তিনি বলেন, পরিবার পরিকল্পনা আমাদের দেশের বর্তমান সমাজ ব্যবস্থায় অত্যন্ত গুরুত্বপূর্ণ। বাল্যবিবাহ রোধে সবাইকে সচেতন হতে হবে। আমরা যারা সচেতন মানুষ, পরিবার পরিকল্পনা বিষয়ে যেমন সতর্ক থাকব, তেমনি পাড়া–প্রতিবেশীসহ সবার মধ্যে সচেতনতা ছড়াতে হবে। সরকারি কর্মচারীরা জনগণের কর্মচারী তাই জনকল্যাণে আন্তরিকভাবে কাজ করতে হবে, কারণ জনগণের ট্যাক্সের টাকায় আমাদের বেতন হয়। পরিবার

পরিকল্পনা বিষয়ে সরকারের সুযোগ-সুবিধা প্রতিটি ঘরে পৌঁছে দিতে হবে।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মোহা. মশিউর রহমান, উপজেলা সমাজসেবা কর্মকর্তা তোফাজ্জেল হক, এমটি (ইপিআই) ফারুক আহমেদসহ উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তরের কর্মকর্তা-কর্মচারীরা।

৬ থেকে ১১ ডিসেম্বর পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ উপলক্ষে ৭ দিনব্যাপী উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের মাধ্যমে গর্ভবতী মায়েদের নিয়ে সমাবেশ ও ফ্রি মেডিক্যাল ক্যাম্প, জন্মবিরতিকরণ দীর্ঘমেয়াদি পদ্ধতি ইমপ্লান্ট প্রয়োগ, খোলা ও ফলোআপ, বাল্যবিবাহের কুফল নিয়ে আলোচনা, পরিবার পরিকল্পনা সেবা বিষয়ে সচেতনতামূলক কর্মসূচি, দীর্ঘমেয়াদি পদ্ধতি আইইউডি ক্যাম্প, কিশোর-কিশোরীদের স্বাস্থ্য শিক্ষা, খাদ্য ও পুষ্টি, বয়ঃসন্ধিকালীন শারীরিক পরিবর্তন, পুষ্টিকর খাবার বিষয়ে বিদ্যালয়ভিত্তিক স্বাস্থ্য শিক্ষা কর্মসূচি এবং স্থায়ী পদ্ধতি বন্ধ্যাকরণ ক্যাম্প পরিচালনা করা হবে।

কোটচাঁদপুর জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ পালিত

“দেশীয় জাত আধুনিক প্রযুক্তি, প্রণিসম্পদে হবে উন্নতি”এই প্রতিপাদ্যকে সমনে রেখে ঝিনাইদহের কোটচাঁদপুরে জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ পালিত হয়েছে।

আজ বুধবার সকলে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল চত্বরে আলোচনা সভার আয়োজন করা হয়।

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ মোঃ জিল্লুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার কাজী আনিসুল ইসলাম। বক্তব্য রাখেন উপজেলা কৃষি অফিসার জাহিদুল ইসলাম, সিনিয়র মৎস অফিসার দ্বীন ইসলাম, খামারী

জান্নাতুল প্রমুখ। অনুষ্ঠানটি পরিচালনা করেন উপসহকারী প্রাণিসম্পাদ কর্মকর্তা হারুন আর রশিদ।

জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ উপলক্ষে ভেটেরিনারি হাসপাতাল চত্বরে ৩০টি স্টল বসে। আগামী ২ ডিসেম্বর পর্যন্ত স্টলগুলোর প্রদর্শনী চলবে। স্টলগুলোতে দুধের তৈরি খাবার, দেশীয় জাতের হাঁস, মুরগী,গরু, ছাগল,মহিষ,বিড়াল,ভেটেরিনারি ওষাধ শোভা পায়। ২ ডিসেম্বর সমাপনী অনুষ্ঠান ও পুরষ্কার বিতরণের মধ্য দিয়ে মেলা শেষ হবে বলে জানান সংশ্লিষ্টরা।

মেহেরপুরে বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ পালিত

“মাতৃদুগ্ধকে অগ্রাধিকার দিন, টেকসই সহায়ক ব্যবস্থা গ্রহণ করুন” এই প্রতিপাদ্যে মেহেরপুরে পালিত হয়েছে বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ।

জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান ও জেলা সিভিল সার্জন অফিসের আয়োজনে দিনটি উপলক্ষে আলোচনা সভা ও র্যালির আয়োজন করা হয়।

আজ সোমবার সকাল ৯টার দিকে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল থেকে একটি র্যালি বের হয়। র্যালিটি হাসপাতাল সড়ক প্রদক্ষিণ শেষে সিভিল সার্জন কার্যালয়ের সামনে গিয়ে শেষ হয়।

র্যালিটির নেতৃত্ব দেন সিভিল সার্জন ডা. একেএম আবু সাঈদ। পরে সিভিল সার্জন মিলনায়তনে আলোচনা সভার আয়োজন করা হয়।

এসময় সেবিকা ও জেলা স্বাস্থ্য বিভাগের কর্মকর্তা- কর্মচারীরা উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় নানা আয়োজনে জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন

‘অভয়াশ্রম গড়ে তুলি, দেশি মাছে দেশ ভরি’ এ শ্লোগানকে ধারণ করে চুয়াডাঙ্গায় জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন করা হয়েছে। এ উপলক্ষে সোমবার (১৮ আগস্ট) সকাল ১০টায় জেলা প্রশাসকের কার্যালয় থেকে একটি শোভাযাত্রা বের হয়ে শহরের কোর্টমোড় ঘুরে আবার একই স্থানে গিয়ে শেষ হয়।

পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলা মৎস্য কর্মকর্তা আবুল কালাম আজাদের সভাপতিত্বে আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।
অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মিজানুর রহমান। সদর উপজেলা মৎস্য কর্মকর্তা বেলাল হোসেনের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ অধ্যাপক সিদ্দিকুর রহমান ও চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক বিপুল আশরাফ।

এছাড়া বক্তব্য দেন মৎস্য চাষি কামরুজ্জামান বাবলু, ফাইম মুনতাছির, মোহাম্মদ আলী ও আলিফ উদ্দিন। অনুষ্ঠানে মৎস্য চাষে অবদান রাখায় চারজন চাষিকে ক্রেস্ট প্রদান করা হয়। এতে সরকারি দপ্তরের কর্মকর্তা, জেলার চার উপজেলার মৎস্য চাষি ও বিভিন্ন শ্রেণিপেশার মানুষ অংশ নেন।

কোটচাঁদপুরে সাপের কামড়ে ১ সপ্তাহে ৩ জনের মৃত্যু

অতি বর্ষণে চারিদিকে থই থই পানি, ভরে গেছে গেড়ে গর্ত, মাটির নিচের সাপ আশ্রয়ের খোঁজে চলে আসছে মানুষের বসত ঘরে। বাড়ছে সাপে কাটা রোগীর সংখ্যা। অসচেতনতা আর অবহেলায় হচ্ছে মৃত্যু।

গত ১ সপ্তাহে সাপের কামড়ে আক্রান্ত হয়ে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা নিতে আসা তিনজন রোগীকেই এন্টিভেনম না দিয়ে উন্নত চিকিৎসার কথা বলে রেফার্ড করা হয় ঝিনাইদহ সদর হাসপাতালে। রেফার্ডকৃত তিনজনেরই মৃত্যু হয়েছে। মৃতদের মধ্যে দুইজনই শিশু। ফলে এলাকায় দেখা দিয়েছে চরম সাপ আতঙ্ক। খোঁজ নিয়ে জানা যায়, কোটচাঁদপুর বলুহর মাঠপাড়ার মাহতাব উদ্দিনের স্ত্রী নাছিমা বেগম (৪৫) গত মঙ্গলবার (৩০ জুলাই) রাতে সাপের কামড়ে আক্রান্ত হন। পরিবারের লোকজন তাঁকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাঁকে ঝিনাইদহ সদর হাসপাতালে রেফার্ড করেন। সেখানে চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়।

একই রাত্রে চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলার পাকা গ্রামের আসিবুল হকের মেয়ে শিশু রশ্মি খাতুন (৫) কে সাপে কামড়ে দেয়। তাঁকেও কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা তাঁকে দ্রুত ঝিনাইদহ সদর হাসপাতালে পাঠান। কিন্তু হাসপাতালে পৌঁছানোর পরপরই তার মৃত্যু হয়।

গত সোমবার রাতে সুতি দুর্গাপুর গ্রামের নুরুজ্জামানের দুই বছর বয়সী মেয়ে শিশু সাদিয়া খাতুন রাতের খাবার শেষে বাবা-মায়ের সঙ্গে ঘুমিয়ে থাকার সময় তাকে সাপে কামড় দেয়। পরিবারের সদস্যরা দ্রুত তাকে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

এই তিনটি মৃত্যুই ঘটেছে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা নিতে আসার পর রেফার্ড বা চিকিৎসার অভাবে। অথচ এই স্বাস্থ্য কমপ্লেক্সে এন্টিভেনাম মজুত রয়েছে বলে জানিয়েছেন আবাসিক মেডিকেল অফিসার ডাঃ আশরাফুল ইসলাম। এ বিষয়ে চিকিৎসক ডা. আশরাফুল ইসলাম বলেন, এন্টিভেনাম দেওয়ার পর শতকরা দশ থেকে পনেরো ভাগ রোগীর শরীরে প্রতিক্রিয়া দেখা দেয়।
তখন প্রয়োজন হয় আইসিইউ বা নিবিড় পর্যবেক্ষণের। কিন্তু আমাদের এখানে সে সুবিধা না থাকায় জটিলতা এড়াতে রোগী রেফার্ড করে দিতে হয়।

এ বিষয়ে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আমানুল্লাহ আল মামুনের সঙ্গে কথা বললে তিনি জানান, হাসপাতালে এন্টিভেনম আছে। তাহলে ১ সপ্তাহে ৩ জন মারা গেলো তাদের এন্টিভেনম দেয়া হয়েছিলো কি জানতে চাইলে তিনি বলেন, এ বিষয়ে

ফোনে কিছু বলা যাবে না। হাসপাতালে এসে তথ্য নিতে হবে বলেই ফোন কেটে দেন।

ঝিনাইদহে সপ্তাহ ব্যাপী বৃক্ষ মেলার উদ্বোধন

‘পরিকল্পিত বনায়ন করি, সবুজ বাংলাদেশ গড়ি’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে ৭ দিন ব্যাপী বৃক্ষরোপন অভিযান ও বৃক্ষমেলার উদ্বোধন করা হয়েছে।

এ উপলক্ষে সোমবার (৪ আগস্ট) সকালে শহরের পায়রাচত্বর থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে পুরাতন ডিসি কোর্ট চত্বরে গিয়ে শেষ হয়। পরে সেখানে ফিতা কেটে মেলার উদ্বোধন করেন জেলা প্রশাসক মোহাম্মদ আব্দুল আওয়াল। সেসময় কৃষি সম্প্রসারন অধিদপ্তরে উপ-পরিচালক ষষ্টি চন্দ্র রায়, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা হোসনে আরা,সহকারী বন সংরক্ষক গিয়াস উদ্দিসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

সামাজিক বনায়ন জোন ও জেলা প্রশাসনের আয়োজনে শুরু হওয়া এ মেলা চলবে আগামী ১০ আগস্ট পর্যন্ত। এতে জেলার বিভিন্ন এলাকার সরকারি বেসরকারি ২৪ টি নার্সারী স্টল প্রদর্শণ করেছে। সুলভ মুল্যে বিভিন্ন ফলজ, বনজ ও ঔষধী গাছের চারা বিক্রয় করা হবে স্টলগুলোতে।

দামুড়হুদায় জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ পালিত

“মানসম্মত শিক্ষা নিশ্চিত করি, বৈষম্যমুক্ত সমাজ গড়ি” এই স্লোগানকে সামনে রেখে চুয়াডাঙ্গার দামুড়হুদায় জাতীয় প্রাথমিক

শিক্ষা সপ্তাহ-২০২৫ উপলক্ষে আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বেলা ১১টায় উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের আয়োজনে উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) তিথি মিত্রের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) কে. এইচ. তাসফিকুর রহমান, উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার আবু হাসান, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থী, উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা এবং রাজনৈতিক নেতৃবৃন্দ।